চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি -২
বাবুরহাট, চাঁদপুর।

যোগাযোগ:
টেলিফোন: ০৮৪১-৬৫১১১ (অফিস)
ই-মেইল:chandpurpbs2@gmail.com
ওয়েবসাইট: pbs2.chandpur.gov.bd

==================================================

স্মারক নং-২৭.১২.১৩২২.৫৭৮.০২.০০৮.২৪. ৫০৬৫

তারিখ: ১১ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ
২৭ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এ "দৈনিক মজুরী ভিত্তিক" নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে "বিলিং সহকারী" পদে জনবল নিয়োগের লক্ষ্যে প্যানেল তৈরীর নিমিত্ত চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা হিসেবে নিম্নবর্ণিত যোগ্যতা সম্পন্ন মহিলা বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | প্রার্থীর যোগ্যতা | মজুরী | যে জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন |
|---|---|---|---|---|---|
| ০১. | বিলিং সহকারী "দৈনিক মজুরী ভিত্তিক" (মহিলাদের জন্য সংরক্ষিত) | ১৩ টি (কম বেশী হতে পারে) | (ক) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে জিপিএ ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীর গাণিতিক বিষয়ে ভাল জ্ঞানসহ কম্পিউটার ও দাপ্তরিক যন্ত্রপাতি পরিচালনায় অভিজ্ঞতা থাকতে হবে।<br>(গ) প্রার্থীকে বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ১০(দশ) ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০(ত্রিশ) টি শব্দ কম্পিউটারে টাইপ করতে সক্ষম হতে হবে। | দৈনিক মজুরী ৮০০.০০ (আটশত) টাকা | চাঁদপুর পবিস-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী অর্থাৎ চাঁদপুর জেলার চাঁদপুর সদর, ফরিদগঞ্জ, মতলব উত্তর মতলব দক্ষিণ ও হাইমচর উপজেলার যোগ্যতা সম্পন্ন শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

## শর্তাবলীঃ

### ০১। আবেদন ফরম পুরণ ও জমাদানঃ

আগ্রহী প্রার্থীগণ চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েবসাইট (www.pbs2.chandpur.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) A-4 সাইজের কাগজে ডাউনলোডপূর্বক স্ব-হস্তে পূরণ করে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ) আগামী ১০/১০/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর বরাবর খামের উপর পদের নাম উল্লেখ করে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

**উল্লেখ্য নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।**

### ০২। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ

(ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি ;
(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি;
(গ) ইউনিয়ন পরিষদ/পৌরসভা মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;
(ঘ) জাতীয় পরিচয়পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি;
(ঙ) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
(চ) জেনারেল ম্যানেজার, চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২, রালদিয়া, বাবুরহাট, চাঁদপুর এর অনুকূলে ১০০.০০ (একশত টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে;

**উল্লেখ্য সকল কাগজপত্র (ক হতে ঘ পর্যন্ত) ও ছবি প্রথম শ্রেণীর কর্মকর্তা (নাম সম্বলিত সীল দ্বারা) কর্তৃক সত্যায়িত হতে হবে।**

০৩। চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং অত্র পবিস-এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

০৪। বয়সসীমা ১০/১০/২০২৪ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বৎসর। বয়সের প্রমাণক হিসাবে এসএসসি সনদপত্র বিবেচনা করা হবে। বয়সের ক্ষেত্রে হলফনামা (Affidavit) গ্রহণযোগ্য নয়।

০৫। যে দিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেই দিনের জন্য ৮০০/- (আটশত) টাকা হারে মজুরী প্রদান করা হবে।

০৬। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্তকৃত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগপ্রাপ্ত হবেন না। দুই সহোদর বোন নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে উভয়ের চাকুরী বাতিল করা হবে।

০৯। **এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না এবং এ বিষয়ে প্রার্থীর কোন দাবিও গ্রহণযোগ্য হবে না। কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী যতদিন প্রয়োজন ততদিন "দৈনিক মজুরী" ভিত্তিক এ নিয়োগ বলবৎ থাকবে।**

১০। স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে চাকুরীচ্যুত করা হবে।

১১। চাকুরীতে যোগদানের পরে প্রার্থীর প্রাক পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে কাজের অনুমতিপত্র বাতিলপূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১২। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে। এছাড়া নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীকে ডাকযোগে প্রেরিত প্রবেশ পত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পূরণকৃত ফরমে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

১৩। প্রার্থী চুড়ান্তভাবে নির্বাচিত হলে চাঁদপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর ও যে কোন জোনাল/সাব-জোনাল অফিসে চাকুরী করতে বাধ্য থাকবেন।

১৪। বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের নাগরিক নয় এ রকম কোন ব্যক্তিকে বিয়ে করলে বা বিয়ে করার প্রতিশ্রুতিবদ্ধ হয়ে থাকলে অথবা যদি কোন পূর্ববর্তী নিয়োগকারী কর্তৃক সততা, নৈতিক স্খলনের কারণে অপসারিত বা বরখাস্তকৃত হয়ে থাকেন অথবা যদি দেশের কোন ফৌজদারি আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হয়ে থাকেন তাহলে উক্ত প্রার্থী বা আবেদনকারী নিয়োগ লাভের জন্য বিবেচিত হবেন না।

১৫। অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে নিয়োগ প্রদানে কর্তৃপক্ষ বাধ্য নয়।

১৬। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদ পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৭। প্রার্থীকে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। নিয়োগের ক্ষেত্রে কোন ধরণের তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১৯। অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

অনুলিপিঃ সদয় অবগতির জন্য (বহুল প্রচারের জন্য নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃপঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ড এর ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। জেলা প্রশাসক/পুলিশ সুপার, চাঁদপুর
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------------------পবিস-১/২/৩/৪।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, চাঁদপুর সদর/ফরিদগঞ্জ/মতলব উত্তর/মতলব দক্ষিণ/হাইমচর।
০৮। ডিজিএম, ফরিদগঞ্জ/মতলব উত্তর/মতলব দক্ষিণ জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
০৯। এজিএম (অর্থ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/আইটি), চাঁদপুর পবিস-২।
১০। এজিএম (ওএন্ডএম), কামতা/হাইমচর সাব-জোনাল অফিস, চাঁদপুর পবিস-২।
১১। এজিএম (আইটি), চাঁদপুর পবিস-২ (বিজ্ঞপ্তি ই-মেইলে প্রেরণ এবং ওয়েব সাইটে প্রকাশের নিশ্চিতসহ প্রমাণক সংরক্ষণের জন্য সংশ্লিষ্ট DEO কে দিবেন)
১২। নোটিশ বোর্ড, চাঁদপুর পবিস-২।
১৩। অফিস নথি/মাষ্টার নথি।

(প্রকৌঃ মোঃ রাশেদুজ্জামান)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)